

MAR 22 2022

# ভোরের কাগজ

তারিখ ... ..  
পৃষ্ঠা ... ২ ... কলাম ...

## এসএসসি ও দাখিল পরীক্ষা নকল ঠেকানো যাচ্ছে না ৩৩ শিক্ষক বহিষ্কার

নিজস্ব বার্তা পরিবেশক : এসএসসি ও দাখিল পরীক্ষায় নকলের দায়ে গতকাল বুধবার এক হাজারের বেশি ছাত্রছাত্রী এবং ৩৩ জন শিক্ষককে বহিষ্কার করা হয়েছে। এ মধ্যে মাদ্রাসা শিক্ষক ১১ জন। গতকাল তুলনামূলকভাবে বহিষ্কার কম হলেও নকলে ভীতুতা ছিল বরাবরের মতোই। গতকাল হিসাববিজ্ঞান ১ম পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হয় ঢাকা বোর্ডের কেন্দ্রগুলির মধ্যে অন্যতম গভর্ণমেন্ট গাজীপুরে ৫, কিশোরগঞ্জে নেত্রকোণায় ৫, টাঙ্গাইলে ১, মাদারীপুরে ১ ও শরীয়তপুরে ৩ জন ছাত্র বহিষ্কৃত হয়। সাতার ইসলামিয়া সিনিয়র দাখিল মাদ্রাসায় ৭ শিক্ষক, চাঁপাইনবাবগঞ্জের গোমস্তাপ কলেজ কেন্দ্রে (মাদ্রাসা) ৮ জন শিক্ষক এবং ঢাকা মাদ্রাসা বোর্ডের বিভিন্ন কেন্দ্রে ১ জন শিক্ষক বহিষ্কৃত হন।

এছাড়া যশোর শিক্ষা বোর্ডে ৭, কুমিল্লায় ৫২, বরিশালে ৩০ এবং চট্টগ্রাম বোর্ডে ১৩ জন ছাত্র বহিষ্কৃত হয়। শিক্ষক বহিষ্কৃত হন ৫ জন।

চট্টগ্রাম ব্যুরো অফিস জানায়, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে অসদুপ অবলম্বনের দায়ে ছাত্রছাত্রীদের পাশাপাশি শিক্ষকদেরও বহিষ্কার অব্যাহত রয়েছে বোর্ডের চেয়ারম্যান প্রতিদিন বিভিন্ন কেন্দ্রে পরিদর্শন করে বস্তায় বস্তায় নকল উদ্ধার করলেও স্থানীয় প্রশাসন এবং দায়িত্বরত শিক্ষকদের গাফিলতির কারণে নকল রোধ ক সম্ভব হচ্ছে না।

গতকাল এসএসসি পরীক্ষার ৫ম দিনে হিসাববিজ্ঞান পরীক্ষা চলাকালে চট্টগ্রাম শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. আহমদ হোসেন রাসুনিয়া থানায় আদর্শ পাইলট উ বিদ্যালয়, উত্তর রাসুনিয়া উচ্চ বিদ্যালয় ও রাজানগর রানীর উচ্চ বিদ্যালয় কে পরিদর্শন করেন। তিনি উত্তর রাসুনিয়া কেন্দ্রে থেকে বস্তায় বস্তায় নকল উদ্ধার করেন। কেন্দ্রে অসদুপায় অবলম্বনের দায়ে ৫ জন শিক্ষক এবং ২২ জন ছাত্রছাত্রীকে বহিষ্কার করেন। এছাড়া তিনি রাসুনিয়া পাইলট হাইস্কুল কেন্দ্রের ২২ জন এবং রানীরহ কেন্দ্রের ১ জন ছাত্রকে বহিষ্কার করেন।

এ বোর্ডের ৪ জেলায় গতকাল ১৩২ জন ছাত্রছাত্রীকে বহিষ্কার করা হয়। বান্দরব জেলায় বহিষ্কারের খবর পাওয়া যায়নি। এসএসসি : পৃঃ ২ কঃ ২

### এসএসসি : শিক্ষক বহিষ্কার

(১ম পৃষ্ঠার পর)

পটুয়াখালী থেকে নিজস্ব সংবাদদ জানায়, এসএসসি পরীক্ষার ৫ম দিনে পটুয়াখালীর ৪টি মাদ্রাসা কেন্দ্রে ২২ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। ডিভিশনাল টিমের সদস্যরা এখন অভ কারণে প্রায় নিষ্ক্রিয় হয়ে পড়েছেন। জে মির্জাগঞ্জ, কালিগুরি, বগা, গলগা মাদ্রাসা, সরকারি জুবিলী স্কুল, স উপজেলার মাদ্রাসা কেন্দ্রসহ ৬টি কেন্দ্রে পরীক্ষার্থীরা প্রকাশ্যে নকল করছে।